

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪১৩৯

আগরতলা, ৪ ডিসেম্বর, ২০২৫

তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে গর্ভবতী মায়ের সফল অন্ত্রোপচার



তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসক নার্স ও অন্যান্য স্বাস্থ্যকর্মীদের প্রচেষ্টায় এবং সঠিক সময়ে চিকিৎসা পরিষেবা প্রদানের ফলে গর্ভবতী মা সহ নবজাতকের জীবন বাঁচানো সম্ভব হয়েছে। তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে প্রসূতি ও স্ত্রী রোগ চিকিৎসা পরিষেবা প্রদান শুরু হবার পর থেকে এখানে নিয়মিত প্রসূতি ও স্ত্রী রোগ জনিত নানা সমস্যার চিকিৎসা পরিষেবা প্রদান করা হচ্ছে। তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালের প্রসূতি ও স্ত্রী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ সুশান্ত সাহার নেতৃত্বে নার্স ও অন্যান্য স্বাস্থ্যকর্মীদের সহায়তায় গতকাল তেলিয়ামুড়া এলাকার ২৯ বৎসর বয়সী এক গর্ভবতী মহিলার সিজারিয়ান সেকশন এর মাধ্যমে সফলভাবে প্রসব করানো হয়। কিন্তু অন্ত্রোপচারের সময় ডাঃ সাহা মহিলার জরায়ুতে একটি টিউমারের উপস্থিতি সম্পর্কে নিশ্চিত হন, যা ছিল জরায়ুর মায়োমেকটমি। তিনি এটি অন্ত্রোপচারের মাধ্যমে অপসারণের প্রয়োজনীয়তা অনুভব করে মহিলার পরিবার-পরিজনদেরকে বিষয়টি জানান এবং তাদের সম্মতির ভিত্তিতে দ্রুত অন্ত্রোপচারের সিদ্ধান্ত নেন। এরপর মহিলার সিজারিয়ান সেকশন, মায়োমেকটমি(টিউমার অপসারণ)সহ টিউবাল লাইগেশন পর পর তিনটি অন্ত্রোপচার সফলভাবে সম্পন্ন করা হয়। অন্ত্রোপচারের পর মা ও নবজাত উভয়েই চিকিৎসকদের পর্যবেক্ষণে রয়েছেন। উক্ত অন্ত্রোপচারে প্রসূতি ও স্ত্রী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ সুশান্ত সাহার সাথে ছিলেন প্রসূতি ও স্ত্রী রোগ বিশেষজ্ঞ ডাঃ দেবশ্রী দাস, অ্যানেস্টেসিস্ট ডাঃ সমীর রঞ্জন দেববর্মা, নার্সিং অফিসার প্রভাস দেব, ওটি টেকনিশিয়ান কৃষ্ণ বণিক সহ অন্যান্য স্বাস্থ্যকর্মীরা। অন্য কোনও উন্নত স্বাস্থ্য প্রতিষ্ঠানে না গিয়ে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালেই আযুৰ্বান ভারত-প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় সফলভাবে এই অন্ত্রোপচারের সুবিধা লাভ করে মহিলার পরিবার-পরিজনেরা চিকিৎসকসহ সকল স্বাস্থ্যকর্মীদের ধন্যবাদ জানান এবং কৃতজ্ঞতা প্রকাশ করেন। স্বাস্থ্য দণ্ডের পক্ষ থেকে এক প্রেস রিলিজে এই তথ্য জানানো হয়েছে।

\*\*\*\*\*